

## পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং- ০৫, এভিনিউ- ০৩ হাজী রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬

### ২৮/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থানঃ পিডিবিএফ সভা কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখঃ ২৮/০৯/২০২২

উপস্থিত কর্মকর্তাদের হাজিরা পরিশিষ্ট-ক।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত ইনোভেশন কমিটির সদস্যদের স্বাগত জানান। তিনি আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

#### আলোচ্য সূচীঃ

১. পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কিত আলোচনা।
৩. ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ এবং বাজেটের বর্তমান স্থিতি নিয়ে আলোচনা।
৪. বর্তমান অর্থ বছরের জুলাই- সেপ্টেম্বর ত্রৈমাসিক-এ ই-ফাইলের কার্যক্রম নিয়ে আলোচনা।
৫. বর্তমান অর্থ বছরের জুলাই- সেপ্টেম্বর ত্রৈমাসিক-এ তথ্য বাতায়ন হালনাগাদ সম্পর্কিত আলোচনা।
৬. বিবিধ।


আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনা করা হয়। কার্যবিবরণীতে কোন পরিবর্তন না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	কোন সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কিত বিষয়ে আলোচনাকালে জানানো হয় যে, বিগত অর্থবছরের কর্ম পরিকল্পনায় উল্লেখিত সূচক সমূহ এ বছরের বলবত রাখা হয়েছে। পাশাপাশি ইতঃপূর্বে বাস্তবায়িত ধারণার একটি ডাটাবেইজ প্রস্তুত, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক অন্তত ২ কর্মশালা আয়োজন, অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সরাসরি মন্ত্রী পরিষদ বিভাগে প্রেরণ ইত্যাদি নতুন সূচক সংযোজন করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ এ উল্লিখিত সকল সূচক যথাযথ ভাবে প্রতিপালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ অর্থ বছরের সকল সূচক যথাসময়ে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	





আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
০৩	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ এবং বাজেটের বর্তমান স্থিতি নিয়ে আলোচনাকালে জানানো হয় যে, চলতি অর্থ বছরে ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট খাতে পিডিবিএফ কর্তৃপক্ষ কর্তৃক সর্বমোট ৭,৮৬,০০০/- টাকার বাজেট বরাদ্দ দেয়া হয়। চলতি অর্থ বছরের প্রথম ত্রৈমাসিকে ৫৩,০০০/- টাকা ব্যয় হয়েছে বলে সভায় জানানো হয়।	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৭,৮৬,০০০/- টাকার বাজেট হতে প্রথম ত্রৈমাসিক-এ ৫৩,০০০/- টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দকৃত অর্থের ৮%। অধ্যকার সভায় প্রথম ত্রৈমাসিকে ব্যয়িত অর্থ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৪	বর্তমান অর্থ বছরের জুলাই- সেপ্টেম্বর ত্রৈমাসিক-এ ই-ফাইলের কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, ই-নথি এ্যডমিনিস্ট্রেশনের নিকট হতে জানা যায় যে, চলতি ত্রৈমাসিকে আনুমানিক ৭০% নথি নিষ্পত্তি হয়েছে। সভায়ে আরো জানানো হয় যে, বিগত অর্থ বছরে ই-ফাইলিং-এর উপর পিডিবিএফ প্রধান কার্যালয়ের উল্লেখযোগ্য সংখ্যক সহকর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ই-ফাইলের কার্যক্রম বৃদ্ধির স্বার্থে সহকর্মীদের আরো প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি এতদবিষয়ে সচেতনমূলক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়।	চলতি ত্রৈমাসিকে আনুমানিক ৭০% নথি নিষ্পত্তি হয়েছে। ই-ফাইলের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম বৃদ্ধির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	বর্তমান অর্থ বছরের জুলাই- সেপ্টেম্বর ত্রৈমাসিক-এ তথ্য বাতায়ন হালনাগাদ সম্পর্কিত আলোচনাকালে সভাকে জানানো হয় যে, পিডিবিএফ-এর প্রায় সকল কার্যক্রমের তথ্য সময় মতো তথ্য বাতায়নে হালনাগাদ করা হয়েছে। তবে পিডিবিএফ এর তথ্য বাতায়নের বেশ কিছু মডিউলের ক্ষেত্রে পল্লী উন্নয়ন বিভাগের তথ্য বাতায়ন অনুসরণ করা প্রয়োজন।	পল্লী উন্নয়ন বিভাগের তথ্য বাতায়ন অনুসরণ করে পিডিবিএফ এর তথ্য বাতায়ন হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মুহিউদ্দিন আহমদ পানু)

ইনোভেশন অফিসার ও

পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও পরিকল্পনা

#### অনুলিপি ০৪

১. জনাব মোঃ শফিউল ইসলাম, সদস্য, ইনোভেশন কমিটি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. জনাব মোঃ আমিন উল্লাহ, সদস্য, ইনোভেশন কমিটি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. জনাব মোঃ রফিকুল ইসলাম, সদস্য, ইনোভেশন কমিটি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. জনাব ফারহানা রহমান, সদস্য, ইনোভেশন কমিটি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি সংরক্ষক, তথ্য প্রযুক্তি শাখা, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।